

আল-মুমিনুন | Al-Mu'minun | الْمُؤْمِنُون

আয়াতঃ ২৩ : ৮০

আরবি মূল আয়াত:

وَ هُوَ الَّذِي يُحْيِي وَ يُمِيتُ وَ لَهُ اخْتِلَافُ الَّيْلِ وَ النَّهَارِ ۖ أَفَلَا تَعْقِلُونَ

৪০

A | অনুবাদসমূহ:

আর তিনিই জীবন দেন ও মৃত্যু দেন এবং রাত ও দিনের পরিবর্তন তাঁরই অধিকারে। তবুও কি তোমরা বুঝবে না? — আল-বায়ান

তিনিই জীবন দেন ও মৃত্যু ঘটান আর দিন-রাতের পরিবর্তন তাঁর দ্বারাই হয়, তবুও কি তোমরা বুঝবে না? — তাইসিরহল

তিনিই জীবন দান করেন এবং মৃত্যু ঘটান, আর তাঁরই অধিকারে রাত ও দিনের পরিবর্তন, তবুও কি তোমরা বুঝবেনা? — মুজিবুর রহমান

And it is He who gives life and causes death, and His is the alternation of the night and the day. Then will you not reason? — Sahih International

৮০. আর তিনিই জীবিত করেন এবং মৃত্যু দেন আর তাঁরই অধিকারে রাত ও দিনের পরিবর্তন।^(১) তবুও কি তোমরা বুঝবে না?

(১) কিভাবে একটির পর আরেকটি আসছে। কিভাবে সাদা ও কালো পরপর আসছে। কিভাবে একটি কমছে অপরটি বাঢ়ছে। দিনের পর দিন রাতের পর রাত আসছে তাদের কোন বিরতি নেই। [ফাতুল্লাহ কাদীর]

তাফসীরে জাকারিয়া

(৮০) তিনিই জীবন দান করেন এবং মৃত্যু ঘটান, আর তাঁরই অধিকারে রাত্রি ও দিবসের পরিবর্তন;^[১] তবুও কি তোমরা বুঝবে না?^[২]

[১] রাত্রির পর দিন ও দিনের পর রাত্রির আগমন এবং সেই সাথে দিন-রাত্রির ছোট বড় হওয়া তাঁরই নিয়ন্ত্রণভুক্ত।

[২] তবুও কি তোমরা বুঝবে না যে, এ সমস্ত কিছুই আল্লাহর পক্ষ থেকে ঘটছে। যিনি প্রতিটি জিনিসের উপর ক্ষমতাবান নিয়ন্তা এবং তাঁর সামনে প্রতিটি জিনিসই অবনত মন্তক।

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2753>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন